একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত

# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রারের কার্যালয়
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

স্মারক নং- ইআবি/একা-৪৫/এম.ফিল.-পিএইচ.ডি.ভ.ওরেজি./২০২৬/০০১২৪৭ তারিখ: ০৮ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ / ২৩ আগস্ট, ২০২৬ খ্রিস্টাব্দ

## ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে এম.ফিল. ও পিএইচ.ডি প্রোগ্রামে

## ভর্তি বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে নিম্নবর্ণিত বিষয়সমূহে এম.ফিল. ও পিএইচ.ডি প্রোগ্রামে (পূর্ণকালীন/খন্ডকালীন) ভর্তির জন্য আগ্রহী প্রার্থীদের নিকট থেকে **১৫ অক্টোবর ২০২৬ খ্রি.** তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে:

| এম.ফিল. ও পিএইচ.ডি প্রোগ্রামে ভর্তির বিষয়সমূহ | |
|---|---|
| ১. আল-কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ | ৪. আরবি ভাষা ও সাহিত্য |
| ২. আল-হাদীস অ্যান্ড ইসলামিক স্টাডিজ | ৫. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি |
| ৩. আদ-দাওয়াহ্ অ্যান্ড ইসলামিক স্টাডিজ | ৬. আল-ফিকহ্ অ্যান্ড ইসলামিক স্টাডিজ |

## এম.ফিল. প্রোগ্রাম

### ১. ভর্তির যোগ্যতা

ক. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়/স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ফাজিল (স্নাতক) অনার্স/ফাজিল (স্নাতক) পাস/সমমান এবং কামিল (স্নাতকোত্তর)/সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম ৫০% নম্বর বা জিপিএ-৫ স্কেলে ৩.৫০ অথবা সিজিপিএ-৪ স্কেলে ৩.০০ থাকতে হবে।

খ. প্রার্থীকে দাখিল/সমমান ও আলিম/সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ-৫ স্কেলে ৩.৫০ থাকতে হবে।

গ. বিদেশি শিক্ষার্থী/বিদেশি বিশ্ববিদ্যালয়ের সনদধারী প্রার্থীকে আবেদনের পূর্বে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের 'সার্টিফিকেট সমতা বিধান কমিটি' কর্তৃক সার্টিফিকেট সমতা বিধান করতে হবে।

### ২. এম.ফিল. কোর্সের মেয়াদ

এম.ফিল. প্রোগ্রামের মেয়াদ রেজিস্ট্রেশনের তারিখ হতে ২ (দুই) বছর। এইক্ষেত্রে একজন গবেষক প্রথম পর্বে কোর্স-ওয়ার্ক সম্পন্ন করবে এবং ২য় পর্বে থিসিস সম্পন্ন করবে।

### ৩. ভর্তি পরীক্ষা

প্রাথমিক বাছাই সম্পন্ন হওয়ার পর প্রার্থীকে অবশ্যই লিখিত ভর্তি পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। পরীক্ষার বিষয়, সময় ও স্থান পরবর্তীতে জানানো হবে।

### ৪. ফেলোশীপ/বৃত্তি

এম.ফিল. প্রোগ্রামে ফেলোশীপ/বৃত্তির আবেদনকারীদের জন্য প্রতি শিক্ষাবর্ষে এম.ফিল. ১ম পর্ব পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধাতালিকা অনুযায়ী ১৫ (পনের) জনকে ফেলোশীপ/বৃত্তি প্রদান করা হবে; তবে গবেষকের সংখ্যা বিবেচনায় এ সংখ্যা কম-বেশি হতে পারে।

### ৫. ছুটি

ক. ফেলোশীপপ্রাপ্ত গবেষককে কোর্স চলাকালীন পূর্ণ ছুটিতে থাকতে হবে।

খ. একজন এম. ফিল, গবেষক পূর্ণকালীন অধ্যয়নরত হিসেবে বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য আবেদন করবেন। আবেদনপত্রের সাথে চাকুরিরত প্রতিষ্ঠানের অনাপত্তিপত্র (No Objection Certificate) জমা দিতে হবে।

গ. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মকর্তা ব্যতীত অন্যান্য প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের নিয়োগকর্তার নিকট হতে কমপক্ষে ১ (এক) বছরের ছুটি নিয়ে এম.ফিল. প্রোগ্রামে যোগদান করতে হবে। এ ক্ষেত্রে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মকর্তাগণকে কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে।

### ৬. সুপারভাইজার নির্বাচন

ক. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়/অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের পিএইচ.ডি. ডিগ্রিধারী অধ্যাপক/সহযোগী অধ্যাপকগণের মধ্য হতে সুপারভাইজার/কো-সুপারভাইজার মনোনীত হবেন। তবে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের পিএইচ.ডি. ডিগ্রিধারী সহকারী অধ্যাপকগণ সুপারভাইজার/কো-সুপারভাইজার হতে পারবেন।

খ. ভাইস-চ্যান্সেলর, প্রো-ভাইস চ্যান্সেলর ও ট্রেজারার বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হলে এম.ফিল, প্রোগ্রামের সুপারভাইজার হতে পারবেন।

গ. গবেষকের সাথে রক্তের সম্পর্ক, বৈবাহিক বা নিকটাত্মীয়তা রয়েছে, এমন কেউ উক্ত গবেষকের সুপারভাইজার/কো-সুপারভাইজার হতে পারবেন, তবে পরীক্ষক হতে পারবেন না।

৭. কোর্স-ওয়ার্ক

বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত সিলেবাস অনুযায়ী ৩০০ নম্বরের ৩ (তিন)টি তত্ত্বীয় কোর্স সম্পন্ন করতে হবে এবং ১০০ নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৮. গবেষণার অগ্রগতি রিপোর্ট ও সেমিনার

ক. কোর্স-ওয়ার্ক (লিখিত ও মৌখিক) পরীক্ষার ফল প্রকাশের পর গবেষক প্রতি ৬ (ছয়) মাস অন্তর সুপারভাইজারের সুপারিশসহ গবেষণার অগ্রগতির রিপোর্ট ডীন, 'কামিল (স্নাতকোত্তর) শিক্ষা প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র'-এর নিকট পেশ করবেন।

খ. থিসিস জমা দেওয়ার ন্যূনতম ৩ (তিন) মাস পূর্বে গবেষককে সুপারভাইজার/কো-সুপারভাইজার, 'উচ্চতর ডিগ্রি ও গবেষণা পরিচালনা কমিটি' ও কমিটি কর্তৃক মনোনীত একজন বিষয় বিশেষজ্ঞ এবং আমন্ত্রিত অতিথিদের সামনে গবেষণামূলক প্রবন্ধ উপস্থাপন করতে হবে।

## পিএইচ.ডি. প্রোগ্রাম

১. ভর্তির যোগ্যতা

ক. প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে এম.ফিল./সমমানের ডিগ্রিধারী হতে হবে।

অথবা

প্রার্থীর বিশ্ববিদ্যালয়ের শিক্ষকতা/বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত মাদরাসা/সমমান প্রতিষ্ঠানে ফাজিল (স্নাতক) বা কামিল (স্নাতকোত্তর)/সমমান পর্যায়ে ৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকলে, শিক্ষাজীবনে ন্যূনতম ২ (দুই) টি প্রথম বিভাগ/শ্রেণি, সিজিপিএ-৪ স্কেলে ৩.০০/সিজিপিএ-৫ স্কেলে ৩.৫০ এবং সকলের ক্ষেত্রে স্বীকৃতমানের জার্নালে কমপক্ষে ২ (দুই) টি প্রকাশনা থাকলে তিনি পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য সরাসরি আবেদন করতে পারবেন।

অথবা

প্রার্থীর স্বীকৃতমানের গবেষণা প্রতিষ্ঠানে কমপক্ষে ৩ (তিন) বছরের গবেষণা সংক্রান্ত কাজের অভিজ্ঞতা অথবা সরকারি/বেসরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কমপক্ষে ৩ (তিন) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকলে, শিক্ষাজীবনে ন্যূনতম ২ (দুই) টি প্রথম বিভাগ/শ্রেণি, সিজিপিএ-৪ স্কেলে ৩.০০/সিজিপিএ-৫ স্কেলে ৩.৫০ এবং সকলের ক্ষেত্রে স্বীকৃতমানের জার্নালে কমপক্ষে ২ (দুই) টি প্রকাশিত প্রবন্ধ থাকলে তিনি পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য সরাসরি আবেদন করতে পারবেন।

খ. প্রার্থীকে সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণিসহ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়/স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ফাজিল (স্নাতক)/সমমান এবং কামিল (স্নাতকোত্তর)/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। এজন্য প্রার্থীকে উভয় পরীক্ষায় ৫০% নম্বর বা জিপিএ-৫ স্কেলে ৩.৫ অথবা সিজিপিএ-৪ স্কেলে ৩.০০ থাকতে হবে।

গ. কোনো পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ থাকলে তিনি আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

ঘ. বিদেশি শিক্ষার্থী/বিদেশি বিশ্ববিদ্যালয়ের সনদধারী প্রার্থীকে আবেদনের পূর্বে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের 'সার্টিফিকেট সমতাবিধান কমিটি' কর্তৃক সার্টিফিকেট সমতাবিধান করতে হবে।

ঙ. এম.ফিল./সমমানের ডিগ্রিধারী ব্যতীত ভর্তি ইচ্ছুক প্রার্থীকে গবেষণাপদ্ধতি (Research Methodology) বিষয়ে ১০০ নম্বরের কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে ন্যূনতম ৪০% নম্বর পেয়ে উত্তীর্ণ হতে হবে।

২. ভর্তি পরীক্ষা

প্রাথমিক বাছাই সম্পন্ন হওয়ার পর প্রার্থীকে অবশ্যই লিখিত ভর্তি পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। পরীক্ষার বিষয়, সময় ও স্থান পরবর্তীতে জানানো হবে।

৩. পিএইচ.ডি. প্রোগ্রামের মেয়াদ

ক. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত পূর্ণকালীন পিএইচ.ডি. প্রোগ্রামের মেয়াদ হবে ৪ (চার) বছর।

খ. খণ্ডকালীন পিএইচ.ডি. প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ ৫ (পাঁচ) বছর। ৪ (চার) বছর পর থিসিস জমা দেওয়া যাবে।

৪. ফেলোশীপ/বৃত্তি

ক. পিএইচ.ডি. প্রোগ্রামে ফেলোশীপ/বৃত্তির আবেদনকারীদের জন্য প্রতি শিক্ষাবর্ষে মেধার ভিত্তিতে ১০ (দশ) জনকে ফেলোশীপ/বৃত্তি প্রদান করা হবে; তবে গবেষকের সংখ্যা বিবেচনায় এ সংখ্যা কম-বেশি হতে পারে।

খ. ফেলোশীপ/বৃত্তি প্রাপ্তির জন্য প্রাপ্তির বয়স অনধিক ৪৮ বছর হতে হবে।

৫. ছুটি

ক. ফেলোশীপপ্রাপ্ত গবেষককে কোর্স চলাকালীন পূর্ণ ছুটিতে থাকতে হবে।

খ. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মকর্তা ব্যতীত অন্যান্য প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের নিয়োগকর্তার নিকট হতে কমপক্ষে ১ (এক) বছরের ছুটি নিয়ে পূর্ণকালীন পিএইচ.ডি. প্রোগ্রামে যোগদান করতে হবে। ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে চাকুরিরত এম.ফিল, ডিগ্রিধারী অথবা এম. ফিল, থেকে পিএইচ.ডি. প্রোগ্রামে রূপান্তরিতদের ছুটি নেওয়া আবশ্যক নয়, তবে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে পিএইচ.ডি, প্রোগ্রামে যোগদান করতে হবে।

গ. খণ্ডকালীন পিএইচ.ডি. প্রোগ্রামের ক্ষেত্রে ছুটি নেওয়া বাধ্যতামূলক নয়। তবে যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র (No Objection Certificate) জমা দিতে হবে।

৬. সুপারভাইজার নির্বাচন

ক. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়/অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের পিএইচ.ডি. ডিগ্রিধারী অধ্যাপক/সহযোগী অধ্যাপকগণের মধ্য হতে সুপারভাইজার/কো-সুপারভাইজার মনোনীত হবেন।

খ. ভাইস-চ্যান্সেলর, প্রো-ভাইস চ্যান্সেলর ও ট্রেজারার বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হলে পিএইচ.ডি. প্রোগ্রামের সুপারভাইজার হতে পারবেন।

গ. গবেষকের সাথে রক্তের সম্পর্ক, বৈবাহিক বা নিকটাত্মীয়তা রয়েছে, এমন কেউ উক্ত গবেষকের সুপারভাইজার/কো-সুপারভাইজার হতে পারবেন, তবে পরীক্ষক হতে পারবেন না।

৭. গবেষণার অগ্রগতি রিপোর্ট ও সেমিনার

ক. পিএইচ.ডি রেজিস্ট্রেশনের পর গবেষক প্রতি ৬ (ছয়) মাস অন্তর সুপারভাইজার সুপারিশসহ গবেষণার অগ্রগতির রিপোর্ট ডীন, 'কামিল (স্নাতকোত্তর) শিক্ষা প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র'-এর নিকট পেশ করবেন।

খ. গবেষক তাঁর গবেষণাকর্মের শিরোনাম. উদ্দেশ্য, গবেষণা পদ্ধতি ও তথ্য-উপাত্ত বিশ্লেষণ বিষয়ে ভর্তির ৬ (ছয়) মাসের মধ্যে তার গবেষণা প্রস্তাবনা সংক্রান্ত একটি সেমিনার/প্রেজেন্টেশন উপস্থাপন করবেন। পরবর্তীতে গবেষণা চলাকালীন সময়ে ১ (এক) টি এবং থিসিস জমা দেওয়ার ৪ (চার) মাস পূর্বে গবেষণামূলক প্রবন্ধ ফলাফল নিয়ে ১ (এক) টিসহ কমপক্ষে মোট ২ (দুই) টি সেমিনার করতে হবে।

আবেদন সংক্রান্ত

১. ইসলামি আরবি বিশ্ববিদ্যায়ের ওয়েবসাইট থেকে পে-স্লিপ ডাউনলোড করে প্রাথমিক আবেদন ফি বাবদ এম.ফিল. ও পিএইচ.ডি এর জন্য ৩০০০/- (তিন হাজার) টাকা অগ্রণী ব্যাংকের যে কোনো শাখায় জমা দিতে হবে।

২. MPhil/PhD Application Fee জমা দেওয়ার নির্দেশনা:

| | | |
|---|---|---|
| প্রথম ধাপ | : | ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট iau.edu.bd-এ প্রবেশ করে Payment অপশন থেকে ছাত্রসেবা নির্বাচন করুন। |
| দ্বিতীয় ধাপ | : | প্রদর্শিত ফরমে Service Type হিসেবে MPhil/PhD Application Fee নির্বাচন করুন। |
| তৃতীয় ধাপ | : | EIIN No ঘরে 138247 লিখে Find বাটনে ক্লিক করুন। |
| চতুর্থ ধাপ | : | Student Name: আপনার পূর্ণ নাম লিখুন।<br>Roll/Reg. No: আপনার মোবাইল নম্বর লিখুন।<br>Session: 2026-27 লিখুন। |
| পঞ্চম ধাপ | : | ফরমের নিচের অংশে Save বাটনে ক্লিক করুন। সফলভাবে সংরক্ষণ করার পর লাল বর্ণে একটি Transaction ID প্রদর্শিত হবে। Transaction ID প্রদর্শিত হওয়ার পর Download Payslip বাটনে ক্লিক করে Payslipটি ডাউনলোড করে নিন। |
| ষষ্ঠ ধাপ | : | ডাউনলোডকৃত পেস্লিপটি প্রিন্ট করে পেস্লিপে প্রদর্শিত নির্ধারিত ফি অগ্রণী ব্যাংকের যেকোনো শাখায় জমা দিন। |

(Payslip Download করতে কোন সমস্যা হলে ০১৭১৮৯৫৫৫৯৬ নাম্বারে যোগাযোগ করুন)

৩. বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে এবং আবেদনের সাথে Payslip এর মূল রশিদ ও আনুষঙ্গিক কাগজপত্র সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের বছিলা, মোহাম্মদপুরস্থ অস্থায়ী কার্যালয়ের কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষনা কেন্দ্রে জমা দিতে হবে।

৪. নির্ধারিত সময়ের পর কোনক্রমেই আবেদন গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

৫. ভর্তি বিজ্ঞপ্তির যে-কোনো শর্ত বাতিল বা পরিবর্তনের ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে। অনিবার্য কারণে ভর্তির সময়সূচি পরিবর্তন করার প্রয়োজন হলে তা আবেদনকারীদের আগে থেকেই SMS বা টেলিফোনের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

০২.০৯.২৬

(প্রফেসর ড. এ. কে. মুহা. নুরুল ইসলাম)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা

স্মারক নং- ইআবি/একা-৪৫/এম.ফিল.-পিএইচ.ডি.ভ.ওরেজি./২০২৬/০০১২৪৭

তারিখ: ০৮ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ
২৩ আগস্ট, ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. ডিন (সকল), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা;
২. পরিচালক (অর্থ ও হিসাব), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৩. পরীক্ষা নিয়ন্ত্রক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৪. জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৫. পিএসটু ভিসি, ভাইস-চ্যান্সেলর কার্যালয়, ইআবি (মাননীয় ভাইস-চ্যান্সেলরের সদয় অবগতির জন্য);
৬. পিএস টু প্রো-ভিসি (একাডেমিক), প্রো-ভাইস-চ্যান্সেলর দপ্তর, ইআবি (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭. পিএস টু প্রো-ভিসি (প্রশাসন), প্রো-ভাইস-চ্যান্সেলর দপ্তর, ইআবি (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, ইআবি (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য);
৯. প্রোগ্রামার, আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইআবি;
১০. সংশ্লিষ্ট নথি।

যোগাযোগের জন্য
০১৮১৯-৭২৭৩০৫ (কামিল কেন্দ্র)
০১৭১১-৮৭৪৮৯১ (কামিল কেন্দ্র)
০১৭১৮-৯৫৫৫৯৬ (অর্থ ও হিসাব দপ্তর)

০২/০৯/২০২৬

(ফাহাদ আহমদ মোমতাজী)
উপ-রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা